বাদল অধিবেশনের আগে সর্বদলীয় বৈঠকে আজ আমন্ত্রিত এনসিপিআই

আজকালের প্রতিবেদন

দিল্লি, ১৮ জুলাই

সংসদের বাদল অধিবেশন শুরু হচ্ছে সোমবার। তার আগে আজ রবিবার সর্বদলীয় বৈঠক হতে চলেছে। এই সর্বদলীয় বৈঠকে নবগঠিত ন্যাশনাল সিটিজেন্স পার্টি অফ ইন্ডিয়াকে (এনসিপিআই) আমন্ত্রণ জানাল কেন্দ্র। শনিবার কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু লোকসভায় দলের নেতা সুদীপ ব্যানার্জির উদ্দেশে একটি চিঠি পাঠিয়ে বৈঠকে যোগ দেওয়ার অনুরোধ জানান। তাৎপর্যপূর্ণ বিষয় হল, লোকসভার ওয়েবসাইটে এই প্রতিবেদন লেখা পর্যন্ত বিদ্রোহী সাংসদদের নামের পাশে লেখা হিসেবে 'অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেস' লেখা আছে, তারপরেও সর্বদলীয় বৈঠকে ডাকা হয়েছে এনসিপিআইয়ের নামে!

এদিনের চিঠিতে রিজিজু উল্লেখ করেন, সুদীপ ব্যানার্জি-সহ ২০ জন সাংসদ সম্প্রতি এনসিপিআইতে যোগ দিয়েছেন এবং দলটির স্বীকৃতির জন্য লোকসভার স্পিকারের কাছে আবেদন করেছেন। সেই আবেদন এই মুহূর্তে স্পিকারের বিবেচনাধীন। এই পরিস্থিতিতে সংসদের বাদল অধিবেশনে উত্থাপিত হতে-চলা গুরুত্বপূর্ণ বিষয় এবং আইন প্রণয়ন সংক্রান্ত কর্মসূচি নিয়ে আলোচনা করতে রবিবার সকাল ১১টায় সংসদ ভবন অ্যানেক্সের মেন কমিটি রুমে সর্বদল বৈঠক ডাকা হয়েছে। সংসদের দুই কক্ষের মসৃণ কার্যক্রম নিশ্চিত করতে বৈঠকে সহযোগিতার আবেদনও জানিয়েছেন রিজিজু। চিঠিতে সুদীপের পাশাপাশি এনসিপিআইয়ের মনোনীত মুখ্য সচেতক কাকলি ঘোষদস্তিদারকেও বৈঠকে উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়েছে। সূত্রের খবর, সুদীপ ব্যানার্জি এদিনের বৈঠকে উপস্থিত থাকবেন। এদিকে জানা গেছে, তৃণমূলের তরফে সর্বদলীয় বৈঠকে উপস্থিত থাকবেন সাংসদ সৌগত রায় ও সাগরিকা ঘোষ।

সুদীপকে চিঠি রিজিজুর

ইতিমধ্যে লোকসভার স্পিকার ওম বিড়লা উদ্ধব বালাসাহেব ঠাকরে গোষ্ঠীর শিবসেনা ছেড়ে শিন্ডের শিবসেনায় যোগ দেওয়া ছয় সাংসদের একীকরণকে স্বীকৃতি দিয়েছেন। তবে এনসিপিআই-এ যোগ দেওয়া বিদ্রোহী ২০ জন তৃণমূল কংগ্রেস সাংসদের একীকরণ এখনও আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি পায়নি। তবে তাঁদের লোকসভায় পৃথক আসনে বসার অনুমতি দেওয়া হয়েছে। এই সিদ্ধান্ত সংসদের বাদল অধিবেশন শুরুর আগে তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। রাজনৈতিক মহল একথাও মনে করছে যে, লোকসভার স্পিকারের কাছে এনসিপিআইয়ের স্বীকৃতির আবেদন এখনও মুলতুবি থাকা সত্ত্বেও দলটিকে সর্বদল বৈঠকে আমন্ত্রণ জানানো তাৎপর্যপূর্ণ। বাদল অধিবেশনের আগে এই পদক্ষেপ সংসদীয় রাজনীতিতে নতুন জল্পনারও জন্ম দিয়েছে। একদিকে ২০ জন সাংসদ নিয়ে এনডিএ-র অন্যতম বড় শরিক দল হতে চলেছে এনসিপিআই। অন্য দিকে, তৃণমূল ছেড়ে আসা ২০ জন সাংসদকে এনসিপিআই হিসেবে গণ্য করার আবেদন স্পিকারের অফিসে এখনও বিচারাধীন। খুব শিগগিরই বিষয়টির নিষ্পত্তি হতে চলেছে বলে খবর।

রামমন্দির তছরুপ-কাণ্ড: কাল শুনানি শীর্ষ কোর্টে

আজকালের প্রতিবেদন

দিল্লি, ১৮ জুলাই

অযোধ্যার রামমন্দিরে ভক্তদের দান নিয়ে তছরুপের অভিযোগে দায়ের হওয়া একাধিক আবেদনের শুনানি সুপ্রিম কোর্টে হবে ২০ জুলাই। প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনার বেঞ্চে চারটি পৃথক আবেদন শুনানির জন্য তালিকাভুক্ত হয়েছে। ১৩ জুলাই শীর্ষ আদালত উত্তরপ্রদেশ সরকারের গঠিত বিশেষ তদন্তকারী দল (সিট)-কে তদন্তের অগ্রগতি-সংক্রান্ত স্টেটাস রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেয়। একই সঙ্গে শ্রীরাম জন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্ট-কেও নোটিস পাঠিয়ে তাদের বক্তব্য জানাতে বলা হয়।

আবেদনকারীদের দাবি, দান তছরুপের অভিযোগে সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে সিবিআই তদন্ত, ট্রাস্টের আর্থিক লেনদেনের ফরেনসিক অডিট এবং সিএজির নিরীক্ষা করা হোক। উল্লেখ্য, ১৩ জুন ট্রাস্টের অনুরোধে উত্তরপ্রদেশ সরকার একটি সিট গঠন করে। তাতে রয়েছেন লখনউয়ের বিভাগীয় কমিশনার বিজয় বিশ্বাস পষ্ট, আইজি কিরণ এস এবং অর্থ দপ্তরের বিশেষ সচিব নীল রতন। ২০ জুলাইয়ের শুনানিতে তদন্তের অগ্রগতি নিয়ে শুরুরুপূর্ণ নির্দেশ দিতে পারে শীর্ষ আদালত।

নিটে অ্যালেন পড়ুয়াদের দুর্দান্ত রেজাল্ট

বিগত কয়েক বছর সর্বভারতীয় মেডিক্যাল জয়েন্ট এন্ট্রান্স টেস্ট পারফরমেন্সের নিরিখে অ্যালেনের পড়ুয়ারা বাকি প্রস্তুতিকেন্দ্রের প্রতিনিধিদের থেকে ধারাবাহিকভাবে যোজনখানেক দূরত্বের নজির দেখিয়ে করেছে। সদ্যপ্রকাশিত ২০২৬-এর নিটেও তার অন্যথা হল না। অ্যালেনের সর্বভারতীয় রেজাল্ট ছেড়েই দিন, কলকাতা সেন্টারের পড়ুয়ারাও এবছর মারকাটারি রেজাল্ট করেছে, যার কিছু নমুনা ইতিমধ্যেই বিভিন্ন সংবাদমাধ্যমে উঠে এসেছে।

অ্যালেন কলকাতা সেন্টারের সেন্টার হেড দেবাশিস সান্যাল জানালেন, 'সর্বভারতীয় প্রবেশিকাগুলিতে দুর্দান্ত পারফরমেন্সের জন্যই অ্যালেনের এত সুনাম। সেই ধারা ২০২৬-এর নিটেও বজায় থাকল। আমাদের তিন পড়ুয়া এবছর এক হাজারের মধ্যে অল ইন্ডিয়া র‍্যাঙ্ক পেয়েছে। টপ ১৬০০-র মধ্যে রয়েছে ৫ জন। মোট ৬৮০ নম্বর পেয়ে ২৮৪ র‍্যাঙ্ক করেছে অরিত্র কুমার চক্রবর্তী। রাজ্য দিগ্বার র‍্যাঙ্ক ৯৪০ (প্রাপ্ত নম্বর ৬৫৯) এবং সম্পূর্ণা ঘোষ ৯৮১ র‍্যাঙ্ক করেছে (৬৫৮ নম্বর)। এছাড়া অনির্বাণ দত্ত (র‍্যাঙ্ক ১৪০৪, প্রাপ্ত নম্বর ৬৫০) এবং নন্দিনী মালের র‍্যাঙ্কও (১৫৩২, নম্বর ৬৪৯) এরাজ্যে অন্যতম সেরা।'

এ তো গেল এরাজ্যে অ্যালেন-পড়ুয়াদের সাফল্যগাথা। সর্বভারতীয় স্তরে অ্যালেনের পড়ুয়ারা জাস্ট ফাটাফাটি র‍্যাঙ্ক করছে বললেও অতিশয়োক্তি হবে না। দেশে শীর্ষ স্থানাধিকারী আরিয়ান গুপ্তা অ্যালেন কেরিয়ার ইনস্টিটিউটে ডিসটাঞ্জ লার্নিংয়ে যুক্ত ছিল। ছিল তিনি স্থানাধিকারী পনগুল বনসাল বিগত ২ বছর অ্যালেনের রেগুলার ক্লাসরুম কোর্সেই প্রশিক্ষণ নিয়েছে। ক্লাসরুম কোর্সের আর এক পড়ুয়া আয়ুষ ভলোটিয়ার সর্বভারতীয় র‍্যাঙ্ক ৪, অনলাইন টেস্ট সিরিজ থেকে ৭ র‍্যাঙ্ক করেছে আরিয়ান দুবে, ক্লাসরুম কোর্স থেকে অল ইন্ডিয়া র‍্যাঙ্ক ৯ পেয়েছে গৌরব সিং।

দেশের সেরা দশে অ্যালেনেরই ৫, আর সেরা একশোয় প্রতিনিধি সংখ্যা ৪৩! সাধে কি বলে, 'অ্যালেন আর নিট এখন সমার্থক'!

এনসিপির দুই শিবির এক হয়ে এনডিএতে?

এনসিপির দুই শিবির আবার এক হচ্ছে, এক হয়ে তারা এনডিএকে সমর্থন করবে, মহারাষ্ট্রের রাজনৈতিক মহলে গুঞ্জন শোনা যাচ্ছে। গুঞ্জনের সঙ্গে নতুন সমীকরণ। সম্প্রতি শারদ পাওয়ার ও মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে বৈঠক করেছেন। যদিও গুঞ্জনে জল ঢেলেছে বিজেপি। শারদ পাওয়ারের নেতৃত্বাধীন এনসিপি (এসপি)-কে আলাদা দল হিসেবে দেখতে এবং সরাসরি তাদের এনডিএ শরিক করায় আপত্তি বিজেপির। সূত্রের খবর, এনসিপির দুই শিবির এক হলে তবেই তাদের এনডিএ-এর অন্তর্ভুক্ত করা, উভয় গোষ্ঠী থেকে কেন্দ্রীয় মন্ত্রিসভায় একটি করে পদ দেওয়ার বিবেচনা করতে পারে বিজেপি।

প্রাক্তন প্রধানমন্ত্রী দেবগৌড়ার স্ত্রীবিয়োগ

প্রাক্তন প্রধানমন্ত্রী এইচ ডি দেবগৌড়ার স্ত্রী চেন্নাম্মা শনিবার বেঙ্গালুরুর একটি বেসরকারি হাসপাতালে হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন। তাঁর বয়স হয়েছিল ৮৯ বছর। খাসকষ্ট, বুকে কফ জমা এবং বয়সজনিত অন্য জটিলতা নিয়ে তাঁকে বুধবার রাতে হাসপাতালে ভর্তি করা হয়। মৃত্যুকালে তিনি স্বামী, চার পুত্র, দুই কন্যা ও নাতি-নাতনিদের রেখে গেলেন। তাঁর সন্তানদের মধ্যে রয়েছেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী এইচ ডি কুমারস্বামী এবং প্রাক্তন মন্ত্রী এইচ ডি রেভান্না। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শোক প্রকাশ করেছেন। শোক জ্ঞাপন করেছেন মুখ্যমন্ত্রী ডিকে শিবকুমার এবং তাঁর পূর্বসূরি সিদ্দারামাইয়া-সহ কর্ণাটকের নেতারাও।

সিবিএসই দশমের দ্বিতীয় বোর্ডের ফল

দশম শ্রেণির দ্বিতীয় বোর্ড পরীক্ষার ফল প্রকাশ করল সিবিএসই। মূল এবং দ্বিতীয় বোর্ড পরীক্ষা মিলিয়ে পাশের হার ৯৬.৭৮ শতাংশ। ডিজিলকারের রেজাল্ট পোর্টাল results.digilocker.gov.in-এ ফল দেখতে পড়ুয়ারা। দ্বিতীয় বোর্ড পরীক্ষায় বসেছিল ৬ লক্ষ ৬৩ হাজার ৭৭৭ জন পরীক্ষার্থী। এর মধ্যে মূল বোর্ড পরীক্ষার ফল ভাল করার জন্য বসেছিল ৫ লক্ষ ১৩ হাজার ৯৫৫ জন। তাদের মধ্যে ৩ লক্ষ ৮ হাজার ৯৫ জন পড়ুয়ার ফল আগের চেয়ে ভাল হয়েছে। মূল বোর্ড পরীক্ষা হয়েছিল ১৭ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চ পর্যন্ত। দ্বিতীয় বোর্ড পরীক্ষা হয় ১৫ মে থেকে ২১ মে-র মধ্যে।

বাংলার ৩ শিশুশিল্পী ভারত-সেরা

সংবাদ সংস্থা

দিল্লি, ১৮ জুলাই



'অঙ্ক কি কঠিন' ছবিতে তিন শিশুশিল্পী ঋদ্ধিমান ব্যানার্জি, তপোময় দেব, গীতশ্রী চক্রবর্তী।

৭২তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার ঘোষণা হল শনিবার। 'রামায়ুণম' এবং 'চান্দু চ্যাম্পিয়ন' ছবির জন্য যথাক্রমে সেরা অভিনেতার বিভাগে যুগ্মজয়ী মালয়ালম তারকা মামুট্টি এবং কার্তিক আরিয়ান। 'আর্টিকল ৩৭০' ছবিতে দাপুটে অভিনয়ের জন্য সেরা অভিনেত্রী নির্বাচিত হয়েছেন ইয়ামি গৌতম।

সৌরভ পালোধি পরিচালিত বাংলা ছবি 'অঙ্ক কি কঠিন' ছবির জন্য সেরা শিশুশিল্পী নির্বাচিত হয়েছে ঋদ্ধিমান ব্যানার্জি, তপোময় দেব, গীতশ্রী চক্রবর্তী। আরও দুই শিশুশিল্পী পুরস্কৃত হচ্ছে এই বিভাগে। তেলুগু ছবি '৩৫ চিন্না কথা কাড়ু'-তে শরুণদেব পোট্টুলা এবং কন্নড় ছবি 'মিথ্যা'র জন্য আতিশ এস শেট্টি।

অঞ্জন দত্ত অভিনীত, পরিচালিত এবং প্রযোজিত ছবি 'চালচিত্র এখন' পাচ্ছে সেরা বাংলা ছবির সম্মান। ছবির চিত্রনাট্যও তাঁর।

সেরা পরিচালকের স্বীকৃতি পাচ্ছেন রাজকুমার পেরিয়াস্বামী। তামিল ছবি 'আমরণ'-এ তাঁর অবিস্মরণীয় কাজের জন্য। সেরা জনপ্রিয় ছবির পুরস্কার পাচ্ছে অমিতাভ বচ্চন, দীপিকা পাড়ুকোন অভিনীত তেলুগু ছবি 'কল্কি ২৮৯৮ এডি'। হিন্দি ছবি 'ভক্ষক'-এর জন্য সেরা সহ-অভিনেতার সম্মান পাচ্ছেন সঞ্জয় মিশ্র। সেরা সহ-অভিনেত্রী নির্বাচিত হয়েছেন দু'জন। তামিল ছবি 'মহারাজা'র জন্য সুচনা নমিদাস এবং কন্নড় ছবি 'মিথ্যা'র জন্য রূপশ্রী ভড়কড়ি। মালয়ালি ছবি 'অজয়ান্তে রন্দম মোশানম' ছবিতে 'আন্দু ভানাকোনিল' গানের সুবাদে সেরা মহিলা সঙ্গীতশিল্পীর জাতীয় সম্মান পাচ্ছেন ভাইকম বিজয়লক্ষ্মী। সেরা পুরুষ সঙ্গীতশিল্পীর সম্মান অভয় যোধপুরকরের। মারাঠি ছবি 'ঘরত গণপতি' ছবিতে 'নভশচি গৌরী মাঝি' গানের জন্য। তামিল ছবি 'আমরণ'-এর সুর দিয়ে সেরা সুরকার নির্বাচিত হয়েছেন জিভি প্রকাশ কুমার।

'স্ত্রী-২' ছবিতে 'আজ কি রাত' গানের সেরা কোরিয়োগ্রাফারের জন্য বিজয় গাঙ্গুলির নাম ঘোষণা হয়েছে। সেরা হিন্দি ছবি নির্বাচিত হয়েছে পরিচালক তুষার হিরানন্দানির 'শ্রীকান্ত'। সেরা নবাগত পরিচালকের ছবির স্বীকৃতি রবিরাজ মুর্মুর সাঁওতালি ছবি 'আঙ্গেন'। পরিবেশ সচেতনতার ছবি হিসেবে সেরার শিরোপা সুরজ কুমারের 'পিপলাছি: আ টেল অফ ইকো ফেমিনিজ্‌ম'।

ICICI Bank

প্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১

প্রকাশ্য বিজ্ঞপ্তি - সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই-নিলাম

[রুল ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্‌দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়িত্বাধীনে স্থাবর সম্পত্তি 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেমন আছে' ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:-

ক্রম নং	ঋণগ্রহীতা সহ-ঋণগ্রহীতা/ জামিনদারগণ-এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর	জমা দান (যেটি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	বাকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য ধার্যমূল্য জমা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়	ই-নিলামের তারিখ ও সময়
(A)	(B)	(C)	(D)	(E)	(F)	(G)
1.	মিঃ রাজু মালিক (ঋণগ্রহীতা) দেশাশী মালিক (সহ-ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং: LBCAL00005369152	মৌজা- জনাই, হোল্ডিং নং ১৭, সাবেক আর এস এবং হাল এল আর দাগ নং ৪০২৬, হাল এল আর খতিয়ান নং ৫৮৪৮, জে এল নং ৫৭, থানা- চাকদিহা, জনাই গ্রাম পঞ্চায়েত, জেলা- হুগলি, পশ্চিমবঙ্গ, জমির পরিমাণ সমান্য কম/বেশি ০১ কাঠা ০৮ ছটাক বা ২.৫০ শতক, তৎসহ দোতলা বাড়ি, যার গ্রাউন্ড ফ্লোরের পরিমাণ ৬১৭ বর্গফুট ও ফার্স্ট ফ্লোরের পরিমাণ ৬১৪ বর্গফুট মিলিয়ে মোট এলাকা ১২৩২ বর্গফুট।	₹ ২৫,০৬,৩৯৩/- ১০ জুলাই, ২০২৬ অনুযায়ী	₹ ৯,৫০, ০০০/-	৪ আগষ্ট, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২-টো	১২ আগষ্ট, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিট শুরু

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স আলু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://BidDeal.in)-এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এক্তদ্বারা সংশ্লিষ্ট ঋণকর্তাগণকে বিজ্ঞপ্তি হাতীকাগণকে ১১ আগষ্ট, ২০২৬ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।

সম্ভাব্য ক্রেতাগণ(গণ)-কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো ওপরের টেন্ডারের কলাম নং 'E' হইতে) ধার্যমূল জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১ টিকানাছিত্ত অধিসে ১১ আগষ্ট, ২০২৬ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ১১ আগষ্ট, ২০২৬ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ই-মেডিয় জমা প্রমাণ হিসেবে বাছের তরফে প্রাইভেট ড্রাফটের স্ক্যান কপানো কপি সহকে দাখিল করতে হবে। অন্যান্যপূর্বক দেওয়ার রাখলে, সম্ভাব্য ক্রেতাগণ(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বকৃতির কপি জাগ করিয়ে সর্বশেষ ১১ আগষ্ট, ২০২৬ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১ ঠিকানায় জমা দিয়ে দরপ্রস্তাব দাখিল করবেন।

অনুগ্রহপূর্বক দেয়ার রাখলে, মাকেটিং এজেন্সি (১) আলু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড, (২) দিনারসম্পত্তি প্রাঃ লিঃ এবং (৩) হেক্সো প্রপার্টিজ প্রাঃ লিঃ-কে এই সম্পত্তি বিক্রিতে সহায়তার কাজেও নিয়োজিত করা হয়েছে।

কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ১৯ জুলাই, ২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

পंजाब नैशनल बैंक ...भरोसे का प्रतीक!

punjab national bank ...the name you can BANK upon!

সার্কল অফিস, স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট (সিওএসএএম)
পুরুলিয়া, গ্রাউন্ড ফ্লোর, রাধাকৃষ্ণ মোড়, শশধর গাঙ্গুলি রোড, রাজা বাঁধ পাড়া, পুরুলিয়া (পশ্চিমবঙ্গ)-৭২৩১০১ ই-মেল: cs8301@pnb.bank.in

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্‌দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়িত্বাধীনে স্থাবর সম্পত্তি 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

সুরক্ষিত পরিসম্পদের তফসিল

লট নং	শাখার নাম / অ্যাকাউন্টের নাম / ঋণগ্রহীতা/ জামিনদার/ অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধকি স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং বন্ধকদাতা/ স্বত্বধারকের নাম [সম্পত্তি/গুলির বন্ধকদাতাগণ]	ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) নির্ধারিত তারিখে অনাদায়ী বকেয়া গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক/ গঠনমূলক)	ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকা) খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য	ই-নিলামের তারিখ ও সময়
১.	ব্রাঞ্চ: সাঁওয়ালডিহ ১. মেসার্স লক্ষ্মী অটো, প্রোপ্রাইটর: মিঃ রাকেশ পাণ্ডে পিতা- বাসুদেব পাণ্ডে, কানকি বাজার, পোস্ট্যাঃ-বোগরা, থানা- সাঁওয়ালডিহ, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ-৭২৩১৪৫ ২. মিঃ রাকেশ পাণ্ডে, পিতা- বাসুদেব পাণ্ডে, কানকি বাজার, পোস্ট্যাঃ-বোগরা, থানা- সাঁওয়ালডিহ, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ-৭২৩১৪৫ ৩. মিসেস লক্ষ্মীবালা দেবী (জামিনদার), স্বামী- প্রহ্লাদ ভোলানাথ পাণ্ডে, কানকি বাজার, পোস্ট্যাঃ-বোগরা, থানা- সাঁওয়ালডিহ, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ-৭২৩১৪৫	১৯৯৫ সালের রেজিস্টার্ড দলিল নং ৫৭৭২ অনুযায়ী নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিভাগ সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জে এল নং ৬৫, আর এস খতিয়ান নং ৪৯২, এল আর খতিয়ান নং ৪৯২, আর এস ঢ্রাট নং ১৪৬৪, জমির পরিমাণ ৮.০০ ডেসিমেল, রূপাস্তরিত (৩৫.০০ ডেসিমেলের মধ্যে), মৌজা- কানকি, পোস্ট্যাঃ-বোগরা, থানা- সাঁওয়ালডিহ, সম্পত্তির স্বত্বধারক: মিসেস লক্ষ্মীবালা দেবী, স্বামী- প্রহ্লাদ ভোলানাথ পাণ্ডে, মেসার্স লক্ষ্মী অটোর অ্যাকাউন্টের প্রোপ্রিটেন।	ক) ৩৫,৭৮ লক্ষ খ) ৩৫.৪৮ লক্ষ গ) ০.১০ লক্ষ	০৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে
২.	শাখা: কোকুলপুর ১. মিঃ সুন্দরেন মণ্ডল (ঋণগ্রহীতা ও জামিনদার), পিতা- প্রহ্লাদ মিঃ মহেশ্বর মণ্ডল, যোষপাড়া, গড়াই পুকুরের পাশে, পোস্ট্যাঃ- থানা কোকুলপুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১৪১ ২. মিঃ চান মণ্ডল (ঋণগ্রহীতা ও জামিনদার), পিতা- মিঃ বুদ্ধদেব মণ্ডল, যোষপাড়া, গড়াই পুকুরের পাশে, পোস্ট্যাঃ- থানা কোকুলপুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১৪১	নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিভাগ সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- কোকুলপুর, জে এল নং ৫১, মাগ নং ১৪০০, জৌরি নং ১৯, এল আর খতিয়ান নং ৩৮৭৫, জমির মাপ ০.০৮০ একর, গ্রাম, পোস্ট্যাঃ ও থানা- কোকুলপুর, জেলা- বাঁকুড়া, সম্পত্তির স্বত্বধারক: বুদ্ধদেব মণ্ডল, পিতা প্রহ্লাদ মহেশ্বর মণ্ডল, বুদ্ধদেব মণ্ডল এবং চান মণ্ডলের অ্যাকাউন্টের প্রোপ্রিটেন।	ক) ১৪,৩৯.২০২২ খ) ২৪৪,৭৮,৫২৩.৩৮ (২৮.১২.২০২১), তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ ও চার্জ গ) ২৯.০৭.২০২২ ঘ) প্রতীকী দখল	ক) ৫২৬.৫০ লক্ষ খ) ২২.৪৫ লক্ষ গ) ০.১০ লক্ষ	০৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে
৩.	শাখা: বলরামপুর ১. সজীব মাহাতো (ঋণগ্রহীতা), পিতা- প্রহ্লাদ রাজেন্দ্র মাহাতো, গ্রাম- কুর্তিতোড়, পোস্ট্যাঃ- বেরাল, জেলা- পুরুলিয়া-৭২৩১৪৩ ২. মিসেস সবস্বতী মাহাতো (ঋণগ্রহীতা), স্বামী- মিঃ সজীব মাহাতো, গ্রাম- কুর্তিতোড়, পোস্ট্যাঃ- বেরাল, জেলা- পুরুলিয়া-৭২৩১৪৩	২০.১২.২০১৬ তারিখের দলিল নং I-১৪০৫-০২৩০৪/২০১৬ অনুযায়ী নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিভাগ সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজ জমি ৩.০০ ডেসিমেল, মৌজা- বেরাল, জে এল নং ১০৪, এল আর খতিয়ান নং ১০৭১, ঢ্রাট নং- (আর এস) ১২৭৯-০৩ ডেসিমেল, থানা- বড়বাজার, জেলা- পুরুলিয়া, পিন-৭২৩১৪৩, পশ্চিমবঙ্গ।	ক) ১০,১২.২০১৮ খ) ₹১৫,৯৫,৭৭০.১৭ (১০.১২.২০১৮ অনুযায়ী), তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ ও চার্জ গ) ২৯.০৯.২০১৯ ঘ) প্রতীকী দখল	ক) ₹১৬.৫০ লক্ষ খ) ₹১.৬৫ লক্ষ গ) ০.১০ লক্ষ	০৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে
৪.	শাখা: বলরামপুর ১. বিমল কুমার সিং, পিতা- খুজন মোহন সিং, গ্রাম ও পোস্ট্যাঃ- রাঙাডিহ, থানা- বলরামপুর, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ-৭২৩১৪৩, বলরামপুর শাখা ২. বাসন্তী সিং, স্বামী- বিমল কুমার সিং, গ্রাম ও পোস্ট্যাঃ- রাঙাডিহ, থানা- বলরামপুর, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ-৭২৩১৪৩, বলরামপুর শাখা	নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিভাগ সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ১৯৯৭ সালের রেজিস্টার্ড দলিল নং ৪০৫৭ অনুযায়ী, জে এল নং ৫৭, আর এস খতিয়ান নং ২৫৮/৭০৯/৭৬৪, নতুন খতিয়ান নং ১০৩৬ (এল আর), আর এস ঢ্রাট নং ২৩, জমির পরিমাণ- ৫.